১১ ভিন্ন পদে জনবল নেবে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

জনবল নিয়োগ দিতে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। প্রতিষ্ঠানটির ‘জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা’ নামের একটি একাডেমিতে ১১ ভিন্ন পদে ১৫ জনকে নিয়োগ দেওয়া হবে। আবেদন করা যাবে অনলাইনে।

পদসমূহ—
১. ইন্সট্রাক্টর, ২ জন, বেতন ২৯,০০০-৬৩,৪১০ টাকা

২. প্রশিক্ষক (আইসিটি), ১ জন, বেতন ২৯,০০০-৬৩,৪১০ টাকা

৩. সহকারী ইন্সট্রাক্টর, ৩ জন, বেতন ২২,০০০-৫৩,০৬০ টাকা

৪. মেডিকেল অফিসার, ১ জন, বেতন ২২,০০০-৫৩,০৬০ টাকা

৫. ভেহিক্যাল সুপারভাইজার, ১ জন, বেতন ১২,৫০০-৩০,২৩০ টাকা

৬. কম্পিউটার অপারেটর, ২ জন, বেতন ১১,০০০-২৬,৫৯০ টাকা

৭. আর্টিস্ট কাম ক্যামেরাম্যান, ১ জন, বেতন ৯,৭০০-২৩,৪৯০ টাকা

৮. কম্পিউটার মুদ্রাক্ষরিক, ১ জন, বেতন ৯,৩০০-২২,৪৯০ টাকা

৯. রেজিস্ট্রেশন সহকারী, ১ জন, বেতন ৯,৩০০-২২,৪৯০ টাকা

১০. সহকারী বাবুর্চি, ১ জন, বেতন ৮,২৫০-২০,০১০ টাকা

১১. কুক কাম বেয়ারার, ১ জন, বেতন ৮,২৫০-২০,০১০ টাকা

এতে নারী-পুরুষ উভয়েই আবেদন করতে পারবেন।

বয়স: আবেদনের সময়সীমা ২০২১ সালের ২০ ডিসেম্বর হিসেবে ১৮-৩০ বছর। তবে ২০২০ সালের ২৫ মার্চে ৩০ বছর হলেও আবেদন করা যাবে। বিশেষ ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর।

আবেদনের নিয়ম: আগ্রহী প্রার্থীরা

http://nactar.teletalk.com.bd/-এ ওয়েবসাইট থেকে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ সময়: ২০ জানুয়ারী ২০২২ বিকাল ৫টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।

অফিসার নেবে মধুমতি ব্যাংক

জনবল নিতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বেসরকারি প্রতিষ্ঠান মধুমতি ব্যাংক লিমিটেড। এতে প্রকিউরমেন্ট বিভাগে ‘অফিসার’ পদে লোক নেবে প্রতিষ্ঠানটি। আবেদন করা যাবে অনলাইনে।

পদের নাম: অফিসার (প্রকিউরমেন্ট)
পদ সংখ্যা: অনির্দিষ্ট
যোগ্যতা: যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম স্নাতক পাস হতে হবে।
অভিজ্ঞতা: সংশ্লিষ্ট বিষয়ে ৩ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।
কর্মস্থল: যে কোনো স্থান
বয়স: অনির্দিষ্ট
চাকরির ধরন: ফুল টাইম
বেতন: আলোচনা সাপেক্ষে

এতে নারী-পুরুষ উভয়েই আবেদন করতে পারবেন।

আবেদনের প্রক্রিয়া: আগ্রহী প্রার্থীরা প্রতিষ্ঠানের ওয়েবসাইট থেকে অনলাইনে আবেদন করতে পারবেন। আবেদনের ঠিকানা— https://career.modhumotibank.net/JobCircular/JobDetails?jobId= 8lvooZYXrbDlcVc9Trn+WA==

আবেদনের শেষ তারিখ: ১৪ জানুয়ারি ২০২২

আর্মি মেডিকেল কলেজে চাকরির সুযোগ

জনবল নিতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে সেনাবাহিনী পরিচালিত আর্মি মেডিকেল কলেজ, বগুড়া। প্রতিষ্ঠানটির ৮ ভিন্ন পদে ১০ জনকে নিয়োগ দেওয়া হবে। আবেদন করা যাবে ডাকযোগে।

পদসমূহ—
১. ফিজিওলজী, (অধ্যাপক ১ জন, সহকারি অধ্যাপক- ১ জন)

২. কমিউনিটি মেডিসিন (অধ্যাপক/সহকারী অধ্যাপক- ১ জন)

৩. ফরেনসিক মেডিসিন (অধ্যাপক/সহযোগী অধ্যাপক- ১ জন)

৪. ফার্মাকোলজী (অধ্যাপক/সহকারী অধ্যাপক- ১ জন)

৫. মাইক্রোবায়োলজী (সহকারী অধ্যাপক- ১ জন)

৬. প্যাথলজী (অধ্যাপক/সহযোগী অধ্যাপক- ১ জন, সহকারি অধ্যাপক- ১ জন)

৭. ইউরোলজী (অধ্যাপক/সহযোগী অধ্যাপক- ১ জন)

৮. নিউরো সার্জারী (অধ্যাপক/সহযোগী অধ্যাপক- ১ জন)

এতে স্থায়ীভাবে নিয়োগ দেওয়া হবে এবং নারী-পুরুষ উভয়েই আবেদন করতে পারবেন।

আবেদনের নিয়ম: আগ্রহী প্রার্থীরা প্রতিষ্ঠানের ঠিকানায় ডাকযোগে আবেদন করতে পারবেন।

আবেদনের ঠিকানা: চিফ অ্যাডমিনিস্ট্রেটর, আর্মি মেডিকেল কলেজ বগুড়া, বগুড়া সেনানিবাস, বগুড়া।

আবেদনের শেষ সময়: ৩১ ডিসেম্বর ২০২১

১৯ জনকে নিয়োগ দেবে কর কমিশনারের কার্যালয়

জনবল নিতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে অর্থ মন্ত্রণালয়ের অধীনে কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-৩ ঢাকা। এতে ৮ পদে ১৯ জনকে নিয়োগ দেবে প্রতিষ্ঠানটি। যোগ্যতা পূরণ সাপেক্ষে আবেদন করা যাবে অনলাইনে।

পদের নাম : কম্পিউটার অপারেটর (গ্রেড-১১)
পদ সংখ্যা: ১ জন
আবেদনের যোগ্যতা: কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিজ্ঞান বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি।
বেতন: ১২,৫০০/- থেকে ৩০,২৩০/-

পদের নাম : সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩)
পদ সংখ্যা: ৩ জন
আবেদনের যোগ্যতা: কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রি।
বেতন: ১১,০০০/- থেকে ২৬,৫৯০/-

পদের নাম : উচ্চমান সহকারী (গ্রেড-১৪)
পদ সংখ্যা: ৪ জন
আবেদনের যোগ্যতা: কোনো স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমমান ডিগ্রি।
বেতন: ১০,২০০/- থেকে ২৪,৬৮০/-

পদের নাম : সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) পদ সংখ্যা: ৫ জন
আবেদনের যোগ্যতা: কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি।
বেতন: ১০,২০০/- থেকে ২৪,৬৮০/-

পদের নাম : গাড়ি চালক (গ্রেড-১৬)
পদ সংখ্যা: ২ জন

আবেদনের যোগ্যতা: অষ্টম শেণি পাস।
বেতন: ৯,৩০০/- থেকে ২২,৪৯০/-

পদের নাম : নোটিস সার্ভার (গ্রেড-২০)
পদ সংখ্যা: ২ জন
আবেদনের যোগ্যতা: কোনো স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমমান পাস।
বেতন: ৮,২৫০/- থেকে ২০,০১০/-

পদের নাম : অফিস সহায়ক (গ্রেড-২০)
পদ সংখ্যা: ১ জন
আবেদনের যোগ্যতা: কোনো স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমমান পাস।
বেতন: ৮,২৫০/- থেকে ২০,০১০/-

পদের নাম : নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০)
পদ সংখ্যা: ১ জন
আবেদনের যোগ্যতা: কোনো স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমমান পাস।
বেতন: ৮,২৫০/- থেকে ২০,০১০/-

বয়স: আবেদনের সময়সীমা ১ নভেম্বর ২০২১ হিসেবে ১৮-৩০ বছর। তবে ২০২০ সালের ২৫ মার্চ হিসেবে সর্বোচ্চ ৩০ বছর হলেও আবেদন করা যাবে। বিশেষ ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর।

আবেদনের নিয়ম: আগ্রহী প্রার্থীরা http://tax3.teletalk.com.bd/-এ ওয়েবসাইট থেকে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ সময়: ২ জানুয়ারি ২০২২ বিকাল ৫টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।

প্ল্যান ইন্টারন্যাশনালে

চাকরি, বেতন ৪৯,৬০০

বেসরকারি উন্নয়ন সংস্থা প্ল্যান ইন্টারন্যাশনাল তাঁদের বাংলাদেশ অফিসে জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। সংস্থাটিতে অ্যাকাউন্টস অফিসার পদে লোক নেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন।

পদের নাম: অ্যাকাউন্টস অফিসার

পদসংখ্যা: নির্ধারিত নয়

যোগ্যতা: বাণিজ্য বিভাগ থেকে স্নাতক ডিগ্রি এবং স্থানীয় বা আন্তর্জাতিক উন্নয়ন সংস্থায় ১-২ বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। করপোরেট আইন সম্পর্কে জ্ঞান থাকতে হবে।

চাকরির ধরন: চুক্তিভিত্তিক, ২০২৪ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত।

বেতন: ৪৯,৬০০-৬২,০০০ টাকা। এ ছাড়া রয়েছে জীবনবিমা ও চিকিৎসা ভাতা।

যেভাবে আবেদন করবেন আগ্রহী প্রার্থীরা এই লিংকে প্রবেশ করে (https://jobs.plan-international.org/job/Dhaka-Accounts-Office r-Treasury/752344701/) আবেদন প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জেনে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ তারিখ: ২২ ডিসেম্বর ২০২১।

শাবিপ্রবিতে চাকরির সুযোগ, বেতন স্কেল ৫০,০০০

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট (শাবিপ্রবি) শিক্ষক নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এ উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে সহযোগী অধ্যাপক পদে শিক্ষক নেওয়া হবে। আগ্রহী

প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

পদের নাম: সহযোগী অধ্যাপক
বিভাগ: আর্কিটেকচার
পদসংখ্যা: ২
যোগ্যতা: যোগ্যতা ও অভিজ্ঞতার কপি এবং অভিজ্ঞতা ও প্রকাশনাসম্পর্কিত তথ্য ছক বিশ্ববিদ্যালয়ের ডেসপ্যাচ থেকে সরাসরি সংগ্রহ করতে হবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকেও ডাউনলোড করা যাবে।
বেতন স্কেল: ৫০,০০০–৭১,২০০ টাকা
গ্রেড: ৪

শাবিপ্রবিতে চাকরির সুযোগ, বেতন স্কেল ৫০,০০০
যেভাবে আবেদন

আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। অফিস চলাকালে রেজিস্ট্রারের দপ্তর থেকে সরাসরি অথবা ১০ টাকা মূল্যের ডাকটিকিটসহ নিজ ঠিকানা সংবলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে।

আবেদনপত্রের সঙ্গে যেসব অনুলিপি দিতে হবে
আবেদনপত্রের সঙ্গে সব সনদ ও ট্রান্সক্রিপ্ট বা মার্কসিটের ফটোকপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি, চাকরিতে নিয়োজিত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র, বিজ্ঞাপনে উল্লেখিত নির্ধারিত মূল্যের ব্যাংক ড্রাফট/পে–অর্ডারের কপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি কিংবা জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্মনিবন্ধন সনদের ফটোকপি, অভিজ্ঞতার সনদ ও প্রকাশনাসম্পর্কিত তথ্য ছক।

আবেদন ফি

সহযোগী অধ্যাপক পদের জন্য ৭০০ টাকার ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার পরীক্ষা ফি বাবদ পাঠাতে হবে।

আবেদনপত্র পাঠানোর ঠিকানা
রেজিস্ট্রার, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।

আবেদনের শেষ তারিখ: আগামী ২৩ জানুয়ারি ২০২২।

লিখিত পরীক্ষায় ভালো করতে করণীয়

বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক (জেনারেল) পদের নিয়োগ পরীক্ষায় নকআউটভিত্তিক প্রিলিমিনারি পর্ব পার হয়ে যাঁরা ১০ হাজার ক্লাবে ঢুকতে পেরেছেন, তাঁদের সবাইকে অভিনন্দন। লিখিত পরীক্ষা যেহেতু ১৮ ডিসেম্বর অনুষ্ঠিত হবে, তাই ধরে নেওয়া যায় সবার প্রস্তুতি প্রায় শেষ পর্যায়ে। প্রথম ধাপের পরীক্ষার নম্বর যোগ না হওয়ায় লিখিত পর্ব সবার জন্য লেভেল প্লেয়িং ফিল্ডের মতো। নম্বর বিচারে এ অংশটি নিয়োগপ্রক্রিয়ার সবচেয়ে গুরুত্বপূর্ণ ধাপ। দুই ঘণ্টাব্যাপী ২০০ নম্বরের পরীক্ষা।

হাতে আছে মাত্র সপ্তাহখানেক সময়। বাড়তি চাপ নেওয়ার প্রয়োজন নেই। কয়েকটি বিষয়ে বাড়তি মনোযোগ দিলে লিখিত থেকেই চূড়ান্ত মনোনয়নের দৌড়ে অনেকখানি এগিয়ে থাকা সম্ভব। এ পরীক্ষায় ভালো করতে শেষ মুহূর্তের প্রস্তুতি নিয়ে বিস্তারিত লিখেছেন বাংলাদেশ ব্যাংকের উপপরিচালক নাজমুল হুদা।সূক্ষ্ম ব্যবধানে এগিয়ে থাকতে ফোকাস রাইটিংয়ে বাড়তি নজর দিতে হবে। অনেকে গড়পড়তা লিখে পৃষ্ঠা ভরাট করবে। বেশি নম্বর পেতে ৩-৪ পৃষ্ঠার মধ্যেই ভালো কিছু দিতে হবে।

এ অংশে বাংলা ও ইংরেজি মিলিয়ে দুটি নিবন্ধ লিখতে হয়। মোটামুটি ৫০ থেকে ৬০ নম্বর বরাদ্দ থাকে। বিষয়ভিত্তিক বিশেষণসহ তুলনামূলক তথ্যগুলো টেবিল, ছক বা গ্রাফ আকারে উপস্থাপন করতে পারলে ভালো নম্বর ওঠে। এ ক্ষেত্রে ‘কালার পেন’ বা কাঠ পেনসিল ব্যবহার করা যেতে পারে। সাম্প্রতিক গুরুত্বপূর্ণ বিষয়গুলো আরও কয়েকবার পড়তে পারেন। বিশেষ করে কোভিড-১৯ পরিস্থিতিতে কেন্দ্রীয় ব্যাংকের উদ্যোগ, বিভিন্ন প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নে অগ্রগতি, স্বাধীনতার ৫০ বছরে দেশের অর্জন ও অর্থনৈতিক উন্নয়ন, উন্নত রাষ্ট্রের রূপরেখা, টেকসই উন্নয়নে বাংলাদেশের সাফল্য, বিশ্ব জলবায়ু সম্মেলন, সম্ভাবনাময় ই-কমার্স সেক্টরের বিকাশে চ্যালেঞ্জ,

রোহিঙ্গা সংকট, পদ্মা সেতু, মেট্রোরেল, পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রসহ মেগা প্রকল্পগুলোর হালনাগাদ জেনে নিন।

টপিক ধরে গুগলে সার্চ দিলেও একসঙ্গে একাধিক কলাম, নিবন্ধ বা গবেষণাপত্র পাওয়া যায়, এগুলো একসঙ্গে আলাদা একটা ফোল্ডারে জমা রেখে পড়তে পারেন। ফোকাস রাইটিং ছাড়াও এগুলো অনুবাদ ও ট্রান্সসেলশনেও কাজে আসবে। গুরত্বপূর্ণ তথ্য যেমন রেমিট্যান্স, রপ্তানি আয়, বৈদেশিক রিজার্ভ, মাথাপিছু আয়, কয়েক বছরের দারিদ্র্য হ্রাস ও বার্ষিক প্রবৃদ্ধি (জিডিপি) ইত্যাদি এক পৃষ্ঠায় বুলেট আকারে টুকে রাখলে লেখার ক্ষেত্রে ভালো কাজে আসে।

বাংলা ও ইংরেজি অনুবাদের ক্ষেত্রে নম্বর অনেকাংশে নির্ভর করে দীর্ঘমেয়াদি অনুশীলনের ওপর। যাঁরা ইংরেজি ও বাংলা পত্রিকার সম্পাদকীয় কলাম, অর্থ ও বাণিজ্য পাতা নিয়মিত পড়ে থাকেন, তাঁরা উপকার পাবেন। এ জন্য এখন আর বাড়তি বই না পড়লেও চলবে। প্রতিদিন অন্তত দুটি করে পত্রিকার সম্পাদকীয় বা অর্থনীতি পাতা থেকে অনুবাদের অনুশীলন করতে পারেন। পরীক্ষার হলে প্রশ্নপত্র পেয়ে সতর্কতার সঙ্গে সময় নিয়ে অনুবাদে হাত দেবেন। প্রয়োজনে অনুবাদ দিয়েই শুরু করতে পারেন লিখিত পর্ব। অল্প লিখে বেশি নম্বর পাওয়ার জন্য হাতের লেখা যতটা সম্ভব স্পষ্ট করা দরকার। কাটাকাটি যেন না থাকে। সহজ শব্দে অনুবাদ করতে হবে। দুটি অনুবাদের জন্য ৩০ থেকে ৩৫ মিনিটের বেশি সময় ব্যয় করা ঠিক হবে না।

প্রিলিমিনারি বা লিখিত উভয় ক্ষেত্রেই ব্যাংকের নিয়োগ পরীক্ষায় গণিত গুরুত্বপূর্ণ অংশ। গণিতে যাঁদের আগের দক্ষতা আছে, তাঁরা কিছুটা বাড়তি সুবিধা পেয়ে থাকেন। তবে নম্বর বিচারে অন্যান্য অংশও কম গুরুত্বপূর্ণ নয়। এ জন্য সর্বোচ্চ ৪০ মিনিট বরাদ্দ রাখুন গণিতে। শুধু অঙ্ক নিয়ে মাথা ঘামাতে গিয়ে যেন অন্যান্য অংশের সময় নষ্ট না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। সাধারণত ৫টা অঙ্ক ৫০ নম্বরের প্রশ্ন করা হয়। অনেক সময় ছোট ছোট সাতটা অঙ্কও আসে। সাত–পাঁচ যা-ই হোক মাথা ঠান্ডা রেখে ১২০ মিনিট লিখিত ‘ইনিংস’–এ টিকে থাকুন, নম্বর আসবে।

অনেকে প্যাসেজ অংশটি শেষের দিকে শুরু করেন। এতে অনেক সময় পুরো প্যাসেজ ঠিকমতো পড়া হয় না। উত্তর খুঁজে পেতে সমস্যা হয়। এ জন্য আগে প্রশ্ন পড়ে নিতে পারেন। এতে সময় সাশ্রয় হবে। পাঁচটি প্রশ্নের জন্য ২০ নম্বর বরাদ্দ থাকে। এ অংশে ২০ মিনিটের বেশি সময় নিতে যাবেন না। প্রশ্নের সূত্র ধরে হুবহু উত্তর না পেলেও ছেড়ে আসবেন

না। তবে প্যাসেজে দেওয়া কোনো শব্দ হুবহু না তুলে দিয়ে প্রতিশব্দ ব্যবহারের চেষ্ট করবেন। এতে গ্রহণযোগ্যতা বাড়বে, কিছু নম্বর যোগ হবে।

অনেক সময় ১৫ থেকে ২০ নম্বরের জন্য বিজনেস লেটার, ভাবসম্প্রসারণ (অ্যামপ্লিফিকেশন) কিংবা অ্যানালাইটিক্যাল (বিশ্লেষণধর্মী) কিছু লিখতে হয়। বিভিন্ন সালের প্রশ্নপত্র দেখে বিজনেস লেটারের ধরনগুলো জেনে নিয়ে কয়েক দিন খাতায় লিখে অনুশীলন করতে পারেন। লেখার ফরম্যাটগুলো একটা আলাদা খাতায়ও তুলে রাখলে চোখ বুলিয়ে নিতে পারেন। অ্যামপ্লিফিকেশন কিংবা অ্যানালাইটিক্যাল অংশে ভালো করার জন্য উপস্থিত বুদ্ধি বা আগের পড়ার অভ্যাস কাজে দেয়। নতুন করে মাথা ঘামানোর দরকার নেই। যা-ই আসুক প্রশ্নানুসারে ‘টু দ্য পয়েন্ট’–এ লেখার চেষ্টা করবেন। সময় সমন্বয় করে লিখিত পরীক্ষা ভালোভাবে শেষ করতে পারলে শেষ ধাপ ভাইভার জন্য ইয়েস কার্ড পেয়ে যেতে পারেন।

অডিটর পদের লিখিত পরীক্ষা ১৭ ডিসেম্বর

বাংলাদেশের কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের কার্যালয় এবং এর আওতাধীন ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমিসহ অন্যান্য অডিট অধিদপ্তরগুলোর অডিটরের (গ্রেড-১১) ৩০৯টি শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে এমসিকিউ প্রিলিমিনারি পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে ৪ হাজার ৮৩৪ জন লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য সাময়িকভাবে নির্বাচিত হয়েছেন। সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীদের লিখিত পরীক্ষা ১৭ ডিসেম্বর অনুষ্ঠিত হবে।

আজ শুক্রবার বাংলাদেশের কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের কার্যালয় থেকে সংবাদপত্রে দেওয়া এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বাংলাদেশের কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের কার্যালয় এবং এর আওতাধীন ফিন্যান্সিয়াল

ম্যানেজমেন্ট একাডেমিসহ অন্যান্য অডিট অধিদপ্তরগুলোর অডিটরের (গ্রেড-১১) ৩০৯টি শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে গত ২২ অক্টোবর এমসিকিউ প্রিলিমিনারি পরীক্ষা অনুষ্ঠিত হয়। সেখানে অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে ৪ হাজার ৮৩৪ জন লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য সাময়িকভাবে নির্বাচিত হয়েছেন। সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীদের লিখিত পরীক্ষা ১৭ ডিসেম্বর (শুক্রবার) অনুষ্ঠিত হবে। ওই দিন বেলা তিনটা থেকে বিকেল চারটা পর্যন্ত ইডেন মহিলা কলেজ, ঢাকায় এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১১০০০০০১১ থেকে ১১০২৪৯৫৪৯ নম্বর পর্যন্ত মোট ৪ হাজার ৮৩৪ জন প্রার্থী এ পরীক্ষয় অংশ নেবেন।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, লিখিত পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীর নামে নতুন কোনো প্রবেশপত্র ইস্যু করা হবে না। এমসিকিউ পরীক্ষার প্রবেশপত্র লিখিত ও মৌখিক পরীক্ষায় ব্যবহৃত হবে। প্রবেশপত্রে মুদ্রিত নির্দেশনা পরিপূর্ণভাবে অনুসরণ করতে হবে।

কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে/ নষ্ট হলে/ চুরি হয়ে গেলে বাংলাদেশের কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের কার্যালয়ের ওয়েবসাইট ও টেলিটকের ওয়েবসাইট থেকে আবার ডাউনলোড করতে পারবেন।

পরীক্ষার্থীদের সামাজিক দূরত্ব বজায় রেখে সারিবদ্ধভাবে কেন্দ্রে প্রবেশ এবং তল্লাশি কার্যক্রমসম্পন্ন করার সুবিধার্থে পরীক্ষা শুরুর কমপক্ষে এক ঘণ্টা আগে পরীক্ষাকেন্দ্রে উপস্থিত হতে হবে। কোনো প্রার্থী পরীক্ষা শুরুর পর কোনোভাবেই পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করতে পারবেন না।

প্রবেশপত্র ছাড়া অন্য কোনো কাগজপত্র, বই-পুস্তক, মানিব্যাগ, স্মার্ট ওয়াচ, মুঠোফোন, ক্যালকুলেটর বা অন্য কোনো ইলেকট্রনিক যন্ত্র পরীক্ষাকেন্দ্রে আনা সম্পূর্ণ নিষিদ্ধ। মাস্ক পরা ছাড়া পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করা যাবে না।

[redacted]

[redacted] [redacted] [redacted] [

[illegible] [illegible] [illegible] [illegible] (illegible) [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible], [illegible] [illegible] (illegible) [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] (illegible) [illegible] ‘illegible illegible’ [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] (illegible) [illegible]-[illegible] [illegible] [illegible] [illegible]-[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] (illegible-[illegible]) [illegible]—[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]